Bangladesh Competition Commission
Competition for growth

# প্রতিযোগিতা সাময়িকী

মুজিব শতবর্ষ MUJIB 100

বর্ষ ২। সংখ্যা ৩। মার্চ ২০২১। ফাল্গুন-চৈত্র ১৪২৮

## প্রতিযোগিতা সাময়িকীর ৩য় সংস্করণ প্রকাশ

বাজার ব্যবস্থায় প্রতিযোগিতা অন্যতম প্রধান হাতিয়ার। বাজারে সুষ্ঠু প্রতিযোগিতা বজায় থাকলে মুক্ত বাজার অর্থনীতিতে জনগণের সার্বিক কল্যাণ নিশ্চিত হয়। ফলে বিনিয়োগ বৃদ্ধি এবং নতুন উদ্যোক্তা ও কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে দারিদ্র্য বিমোচন এবং অর্থনৈতিক প্রবৃদ্ধি ত্বরান্বিত হয়। কিন্তু বাস্তবে অনেক ক্ষেত্রেই বাজারে সুষ্ঠু প্রতিযোগিতা বিরাজ করে না। ফলে মনোপলি, ওলিগোপলি, কর্তৃত্বময় অবস্থানের অপব্যবহার, প্রতিযোগিতা বিরোধী চুক্তি ও কর্মকান্ড প্রভৃতির কারনে ভোক্তাগণ স্বল্পমূল্যে গুণগত মানসম্পন্ন ও বৈচিত্র্যময় পণ্য ও সেবা থেকে বঞ্চিত হন। সুলভ মূল্যে মানসম্পন্ন পণ্য ও সেবা সরবরাহ নিশ্চিত করতে প্রতিযোগিতা আইন, ২০১২- এর যথাযথ বাস্তবায়নের কোনো বিকল্প নেই। এ লক্ষ্যে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের আন্তরিক প্রচেষ্টা অব্যাহত আছে। কমিশন সকল অংশীজনকে সচেতন করা এবং প্রতিযোগিতা আইনের সুফল সম্পর্কে জনগণকে অবহিত করার লক্ষ্যে সমগ্র দেশব্যাপী বিভিন্ন প্রচারণামূলক কার্যক্রম, সভা, সেমিনার, ওয়ার্কশপ, রচনা প্রতিযোগিতা প্রভৃতি নিয়মিত আয়োজন করছে। এছাড়াও কমিশন বিশ্বের বিভিন্ন দেশের প্রতিযোগিতা আইন ও প্রতিযোগিতা সংশ্লিষ্ট উত্তম চর্চাসমূহ বিবেচনায় নিয়ে কমিশনের ভবিষ্যৎ করণীয় এবং পলিসি প্রণয়নের কাজ শুরু করেছে। পাশাপাশি বেশ কয়েকটি প্রতিষ্ঠানের বিরুদ্ধে প্রতিযোগিতা পরিপন্থী সুনির্দিষ্ট অভিযোগের প্রেক্ষিতে অনুসন্ধান, তদন্ত ও মামলা কার্যক্রম পরিচালনা, কয়েকটি মামলার রায় প্রদান এবং নিজস্ব জনবল নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করেছে। কমিশনের বিভিন্ন বিভাগের কার্যক্রমের অংশ হিসেবে কমিশন "প্রতিযোগিতা সাময়িকী"-এর ৩য় সংখ্যা প্রকাশ করছে। এ প্রকাশনায় কমিশনের ডিসেম্বর' ২০ মাস থেকে মার্চ' ২১ মাস পর্যন্ত সময়কালের উল্লেখযোগ্য কার্যক্রম তুলে ধরা হয়েছে।

## ১. কমিশন কর্তৃক গোপালগঞ্জ জেলা সফর

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের এ্যাডভোকেসি, পলিসি ও আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ দেশব্যাপী বিভিন্ন প্রচারণামূলক কার্যক্রমের অংশ হিসেবে বিগত ২৩ ডিসেম্বর ২০২০ তারিখ বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম এর নেতৃত্বে কমিশনের বিজ্ঞ সদস্য জনাব জি. এম. সালেহ উদ্দিন, জনাব ড. এ এফ এম মনজুর কাদির, জনাব মোঃ আব্দুর রউফ, জনাব নাসরিন বেগম এবং কমিশনের অন্যান্য কর্মকর্তাগণ গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়ায় সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিসৌধে পুষ্পস্তবক অর্পণ, ফাতিহা পাঠ ও দোয়া মোনাজাতে অংশগ্রহণ করেন।



জাতির পিতার সমাধিসৌধে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের পুষ্পস্তবক অর্পণ

একই দিনে কমিশনের আয়োজনে এবং জেলা প্রশাসন, গোপালগঞ্জের সার্বিক সহযোগিতায় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে "ব্যবসা-বাণিজ্যে সুষ্ঠু প্রতিযোগিতা নিশ্চিতকরণে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ভূমিকা" শীর্ষক অবহিতকরণ সেমিনারে পাওয়ার পয়েন্ট উপস্থাপনা করা হয়। উক্ত সেমিনারে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এবং সভাপতিত্ব করেন জনাব শাহিদা সুলতানা, জেলা প্রশাসক, গোপালগঞ্জ। সেমিনারে কমিশনের সদস্যবৃন্দ ও কর্মকর্তাগণ ছাড়াও জেলা প্রশাসনে কর্মরত কর্মকর্তা ও জেলার বিভিন্ন বিভাগ ও সংস্থার প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।




জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, গোপালগঞ্জ এ অবহিতকরণ সেমিনারে বক্তব্য রাখছেন কমিশনের চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম




জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, গোপালগঞ্জ এ অবহিতকরণ সেমিনারে বক্তব্য রাখছেন জনাব শাহিদা সুলতানা জেলা প্রশাসক, গোপালগঞ্জ

## ২. বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা প্রধান/প্রতিনিধিগণের সাথে মতবিনিময়

বিগত ২০২০ সালের শেষ সময় থেকে ২০২১ সালের শুরুর দিকে মহামারী কোভিড-১৯ এর প্রকোপ কিছুটা কম থাকায় এ সময় বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন বাণিজ্য মন্ত্রণালয়, খাদ্য মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয়, নৌ পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংক, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, বিটিআরসি, বীমা উন্নয়ন কর্তৃপক্ষ, সমুদ্র পরিবহন অধিদপ্তরের প্রধান/প্রতিনিধিগণের সাথে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে মতবিনিময় করেছে।



বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের (বিডা) চেয়ারম্যানের সাথে কমিশনের চেয়ারপার্সন ও সদস্যগণের সৌজন্য সাক্ষাৎ



মাননীয় প্রধানমন্ত্রীর বেসরকারী বিনিয়োগ বিষয়ক উপদেষ্টা জনাব সালমান এফ রহমানের সাথে কমিশনের চেয়ারপার্সন ও সদস্যগণের সৌজন্য সাক্ষাৎ

## ৩. কমিশন কর্তৃক আন্তঃমন্ত্রণালয় সমন্বয় সভা আয়োজন

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের আয়োজনে SMS ও অন্যান্য Value Added Service এর সেবা বাজার এবং প্রতিযোগিতা আইন, ২০১২ এর বিধান সম্পর্কিত একটি আন্তঃমন্ত্রণালয় সমন্বয় সভা বিগত ১০ জানুয়ারি ২০২১ তারিখ সকাল ১১.০০ টায় কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কমিশনের সম্মানিত চেয়ারপার্সন, জনাব মোঃ মফিজুল ইসলাম। উক্ত সভায় অংশগ্রহণ করেন বাণিজ্য মন্ত্রণালয়ের যুগ্মসচিব জনাব তৌফিকুর রহমান, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের যুগ্মসচিব, বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশনের সিস্টেম এনালিস্ট জনাব মোঃ আকরাম হোসাইন, বিটিআরসির প্রতিনিধি জনাব মোঃ ছালেহ উদ্দিন, বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধি জনাব মোঃ আব্দুর রব, প্রতিনিধি বাংলাদেশ এসোসিয়েশন অফ সফটওয়্যার এন্ড ইনফরমেশন সার্ভিসসহ ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকগণ/গণমাধ্যম কর্মীগণ। সভায় কমিশনের সদস্য জনাব জি এম সালেহ উদ্দিন, ড. এ এফ এম মনজুর কাদির, জনাব মোঃ আব্দুর রউফ এবং জনাব নাসরিন বেগম উপস্থিত ছিলেন।



SMS ও অন্যান্য Value Added Service এর সেবা বাজার সম্পর্কে এবং এ সম্পর্কিত প্রতিযোগিতা আইন, ২০১২ এর বিধান সম্পর্কিত একটি আন্তঃমন্ত্রণালয় সমন্বয় সভা

## ৪. কমিশন কর্তৃক ময়মনসিংহ সফর

বিভাগীয় প্রশাসন, ময়মনসিংহ ও জেলা প্রশাসন, ময়মনসিংহের সার্বিক সহযোগিতায় বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের আয়োজনে বিগত ১২ জানুয়ারি, ২০২১ তারিখে "ব্যবসা বাণিজ্যে সুষ্ঠু প্রতিযোগিতা নিশ্চিতকরণে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ভূমিকা" শীর্ষক বিভাগীয় পর্যায়ের অবহিতকরণ সেমিনার ময়মনসিংহ সিটি কর্পোরেশনের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। জনাব মোঃ কামরুল হাসান এনডিসি বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ এঁর সভাপতিত্বে অনুষ্ঠিত এ সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন, জনাব মোঃ মফিজুল ইসলাম। এছাড়াও ময়মনসিংহ রেঞ্জের ডি আই জি জনাব ব্যারিস্টার হারুন অর রশিদ বি পি এম, বিভাগের সকল জেলার জেলা প্রশাসকগণ, জনপ্রতিনিধি ও ব্যবসায়ী নেতৃবৃন্দ, বিভাগীয় প্রশাসন ও জেলা প্রশাসনের কর্মরত কর্মকর্তা ও জেলার বিভিন্ন দপ্তর ও সংস্থার প্রধানগণসহ ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকগণ উক্ত সেমিনারে অংশগ্রহণ করেন।



ময়মনসিংহে বিভাগীয় পর্যায়ের অবহিতকরণ সেমিনারে বক্তব্য রাখছেন কমিশনের চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম



ময়মনসিংহে বিভাগীয় পর্যায়ের অবহিতকরণ সেমিনারে বক্তব্য রাখছেন জনাব মোঃ কামরুল হাসান এনডিসি বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ

## ৫. কমিশন কর্তৃক লাইটার জাহাজের মাধ্যমে পণ্য খালাস সম্পর্কিত বিষয়ে সভা আয়োজন

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের আয়োজনে কমিশনের সভাকক্ষে লাইটার জাহাজের মাধ্যমে পণ্য খালাস সম্পর্কিত বিদ্যমান নীতিমালা, বিধি-বিধান, Water Transport Cell (WTC) এর ভূমিকা, লাইটার জাহাজের ভাড়া নির্ধারণের নিয়ামকসমূহ এবং সংশ্লিষ্ট অংশীজনদের ভূমিকা ইত্যাদি বিষয়ে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সাথে বিভিন্ন পর্যায়ের স্টেক হোল্ডারদের অংশগ্রহণে বিগত ১৮ জানুয়ারি ২০২১ তারিখ বেলা ০৩:০০ টায় একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন কমিশনের সম্মানিত চেয়ারপার্সন, জনাব মোঃ মফিজুল ইসলাম। উক্ত সভায় উপস্থিত ছিলেন কমিশনের বিজ্ঞ সদস্যবৃন্দসহ সকল কর্মকর্তা, যুগ্মসচিব, বাণিজ্য মন্ত্রণালয়, উপমহাব্যবস্থাপক, বাংলাদেশ ফিনান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট, নির্বাহী কর্পোরেট এফেয়ার্স, এসিস, সিনিয়র সহকারী পরিচালক, বিটিআরসি, সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশনসহ ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকগণ।



বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্তৃক লাইটার জাহাজের মাধ্যমে পণ্য খালাস সম্পর্কিত বিদ্যমান নীতিমালা এবং সংশ্লিষ্ট অংশীজনদের ভূমিকা ইত্যাদি বিষয়ে বিভিন্ন পর্যায়ের স্টেক হোল্ডারদের অংশগ্রহণে মতবিনিময় সভা।

## ৬. কমিশন কর্তৃক Investigation Techniques সংক্রান্ত ওয়ার্কশপ পরিচালনা

প্রতিযোগিতা আইন, ২০১২ এর ধারা-১৮ অনুসারে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের অন্যতম দায়িত্ব হলো অভিযোগের বিষয়ে অনুসন্ধান ও তদন্ত করা। এ লক্ষ্যে অনুসন্ধান ও তদন্ত বিভাগের উপস্থাপনায় বিগত ২০ জানুয়ারি ২০২১ তারিখ সকাল ১১:০০ টায় বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সভাকক্ষে Investigation Techniques সংক্রান্ত ওয়ার্কশপে সভাপতিত্ব করেন কমিশনের সম্মানিত চেয়ারপার্সন, জনাব মোঃ মফিজুল ইসলাম। উক্ত কর্মশালায় কমিশনের বিজ্ঞ সদস্যবৃন্দ ও কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।




Investigation Techniques সংক্রান্ত ওয়ার্কশপে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কর্মকর্তাগণ

## ৭. বাজারে ভোজ্য তেলের অস্বাভাবিক মূল্য বৃদ্ধির কারণ যাচাই সংক্রান্ত সভা অনুষ্ঠান

সাম্প্রতিককালে দেশের ভোজ্য তেলের বাজারে অস্বাভাবিক মূল্য বৃদ্ধির কারণ যাচাই এবং এতদ্‌সংক্রান্ত বিষয়াদি পর্যালোচনার লক্ষ্যে বিগত ২৮ জানুয়ারি ২০২১ তারিখ সকাল ১১:০০ টায় বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের আয়োজনে কমিশনের সভাকক্ষে একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন কমিশনের সম্মানিত চেয়ারপার্সন, জনাব মোঃ মফিজুল ইসলাম। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিজ্ঞ সদস্যবৃন্দ ও কর্মকর্তাগণ, উপসচিব বাণিজ্য মন্ত্রণালয়, প্রধান কর্মকর্তা টি.সি.বি, প্রতিনিধি টি.কে. গ্রুপ এন্ড ইন্ডাস্ট্রিজ, যুগ্ম পরিচালক, বাংলাদেশ ব্যাংক, সিনিয়র সহকারী সচিব, কৃষি মন্ত্রণালয়, প্রতিনিধি, সিটি গ্রুপ, যুগ্ম প্রধান, বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন, প্রতিনিধি, ফিন্যান্স এন্ড একাউন্টস, দ্বিতীয় সচিব, এন.বি.আর, উপপরামর্শক, মেঘনা গ্রুপ অব ইন্ডাস্ট্রিজসহ ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকগণ।



বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের আয়োজনে দেশের ভোজ্য তেলের বাজারে অস্বাভাবিক মূল্য বৃদ্ধির কারণ যাচাই এবং এতদ্‌সংক্রান্ত বিষয়াদি পর্যালোচনা সংক্রান্ত মতবিনিময় সভা

## ৮. কমিশন কর্তৃক মৌলভীবাজার জেলা সফর

কমিশনের এ্যাডভোকেসি কার্যক্রমের অংশ হিসেবে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের আয়োজনে বিগত ০৮ ফেব্রুয়ারি ২০২১ তারিখ মৌলভীবাজার জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে "মৌলভীবাজার জেলা প্রশাসনের কর্মকর্তাগণের সঙ্গে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কার্যক্রম সংক্রান্ত মতবিনিময় সভা" অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ মফিজুল ইসলাম, চেয়ারপার্সন, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন এবং সভাপতিত্ব করেন জনাব মীর নাহিদ আহসান, জেলা প্রশাসক, মৌলভীবাজার। উক্ত মতবিনিময় সভায় কমিশনের বিজ্ঞ সদস্যবৃন্দ ও কমিশনে কর্মরত এবং মৌলভীবাজার জেলা প্রশাসনের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। মতবিনিময় সভায় বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কার্যক্রমের বিভিন্ন দিক, প্রতিযোগিতা আইন বাস্তবায়নের সুফল, আন্তর্জাতিক পর্যায়ে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সম্পৃক্ততা ও বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে কমিশনের গুরুত্ব বিষয়ে আলোচনা করা হয়। মতবিনিময় সভায় জেলা প্রশাসকসহ অংশগ্রহণকারীগণ বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কার্যক্রম বাস্তবায়নে সর্বাত্মক সহায়তা প্রদানের আশ্বাস প্রদান করেন।




মৌলভীবাজার জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে কমিশনের কার্যক্রম সংক্রান্ত মতবিনিময় সভায় বক্তব্য রাখছেন কমিশনের চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম



মৌলভীবাজার জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে কমিশনের কার্যক্রম সংক্রান্ত মতবিনিময় সভায় বক্তব্য রাখছেন জনাব মীর নাহিদ আহসান, জেলা প্রশাসক, মৌলভীবাজার

## ৯. কমিশন কর্তৃক সিলেট বিভাগ সফর


বিগত ০৯ ফেব্রুয়ারি ২০২১ তারিখ সিলেট জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের আয়োজনে এবং বিভাগীয় প্রশাসন, সিলেট ও জেলা প্রশাসন, সিলেট এর সার্বিক সহযোগিতায় "ব্যবসা বাণিজ্যে সুষ্ঠু প্রতিযোগিতা নিশ্চিতকরণে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ভূমিকা" শীর্ষক দিনব্যাপী অবহিতকরণ সেমিনার অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি উপস্থিত ছিলেন বাণিজ্য মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব টিপু মুনশি, এমপি। সভাপতিত্ব করেন জনাব মোঃ মফিজুল ইসলাম, চেয়ারপার্সন, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন। সেমিনারে বিশেষ অতিথি (ভার্চুয়ালি) ছিলেন ড. মোঃ জাফর উদ্দীন, সচিব, বাণিজ্য মন্ত্রণালয় , জনাব মোঃ মশিউর রহমান এনডিসি, বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, জনাব মফিজ উদ্দিন আহম্মেদ, পিপিএম, ডি আই জি, সিলেট রেঞ্জ এবং জনাব মোঃ নিশারুল আরিফ, পুলিশ কমিশনার, সিলেট মেট্রোপলিটন পুলিশ। সভায় কমিশনের সকল সদস্য এবং কর্মকর্তাবৃন্দ, সিলেট বিভাগের চারটি জেলার জেলা প্রশাসকবৃন্দ, বিভাগীয় পর্যায়ের কর্মকর্তাবৃন্দসহ প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।



সিলেট জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে বিভাগীয় পর্যায়ের অবহিতকরণ সেমিনারে বক্তব্য রাখছেন
মাননীয় বাণিজ্য মন্ত্রী জনাব টিপু মুনশী, এমপি



সিলেট জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে বিভাগীয় পর্যায়ের অবহিতকরণ সেমিনারে বক্তব্য রাখছেন কমিশনের চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম



সিলেট জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে বিভাগীয় পর্যায়ের অবহিতকরণ সেমিনারে বক্তব্য রাখছেন মাননীয় বাণিজ্য সচিব ড. মোঃ জাফর উদ্দীন

## ১০. কমিশন কর্তৃক মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন

বায়ান্নের ভাষা শহীদদের আত্মোৎসর্গকে স্মরণ করে ২১ ফেব্রুয়ারি ২০২১ তারিখ মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে ঢাকা কেন্দ্রীয় শহীদ মিনারে সম্মানিত চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলামের নেতৃত্বে সকল ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন ও পুষ্পস্তবক অর্পণ করেন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের বিজ্ঞ সদস্যগণ এবং সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।




শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে কমিশন কর্তৃক ঢাকা কেন্দ্রীয় শহীদ মিনারে শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন ও পুষ্পস্তবক অর্পণ

## ১১. গ্রেড-১৩ থেকে গ্রেড-১৬ বেতন স্কেলে নবনিয়োগপ্রাপ্ত কর্মচারীগণের বরণ ওরিয়েন্টেশন কর্মসূচী

বিগত ০১ মার্চ ২০২১ তারিখ পূর্বাহ্নে কমিশনের রাজস্ব খাতভুক্ত ব্যক্তিগত সহকারী, কম্পিউটার অপারেটর, হিসাবরক্ষক, স্টোর কিপার, ক্যাশিয়ার এবং অফিস সহকারী-কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে গ্রেড-১৩ থেকে গ্রেড-১৬ বেতন স্কেলে (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) মোট পনের (১৫) জন নবনিয়োগপ্রাপ্ত কর্মচারী কমিশন কার্যালয়ে যোগদান করেন। উক্ত যোগদান অনুষ্ঠানে নবনিযুক্ত কর্মচারীদের ফুলেল শুভেচ্ছায় বরণ করেন কমিশনের সম্মানিত চেয়ারপার্সন, জনাব মোঃ মফিজুল ইসলাম ও বিজ্ঞ সদস্যবৃন্দসহ কমিশনে কর্মরত সকল কর্মকর্তাগণ।





কমিশন কর্তৃক গ্রেড-১৩ থেকে গ্রেড-১৬ বেতনস্কেলে যোগদানকৃত নতুন কর্মচারীদের জন্য ওরিয়েন্টেশন কর্মসূচী

## ১২. পবিত্র রমজান মাস উপলক্ষে পেঁয়াজের মূল্য নির্ধারণ ও সরবরাহে কারসাজি প্রতিরোধের লক্ষ্যে সভা আয়োজন

পবিত্র রমজান মাস উপলক্ষে বাজারে পেঁয়াজের অযৌক্তিক মূল্য ও সরবরাহজনিত কারসাজি প্রতিরোধের লক্ষ্যে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সভাকক্ষে বিগত ১৫ মার্চ ২০২১ তারিখ সকাল ১১:০০ টায় একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কমিশনের সম্মানিত চেয়ারপার্সন, জনাব মোঃ মফিজুল ইসলাম। এ সভায় কমিশনের বিজ্ঞ সদস্যবৃন্দসহ সকল কর্মকর্তা, প্রতিনিধি তাশো এন্টারপ্রাইজ, মেসার্স ঝর্ণা এন্টারপ্রাইজ, মেসার্স ব্রাদার্স ট্রেড সেন্টার, মেসার্স হাফিজা কর্পোরেশন, প্রতিনিধি বাংলাদেশ ব্যাংক, প্রতিনিধি এভিএম কর্পোরেশন, মেসার্স রফিক ট্রেডার্স, উপমহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক, প্রতিনিধি জহির ট্রেডিং, সহকারী পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, কৃষি মন্ত্রণালয়, উপপরিচালক এন.এম.আই, উপপ্রধান, বিটিটিসিসহ ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকগণ উপস্থিত ছিলেন।



বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সম্মেলন কক্ষে পেঁয়াজের অস্বাভাবিক মূল্য ও সরবরাহজনিত কারসাজি প্রতিরোধের লক্ষ্যে আয়োজিত সভা

## ১৩. পবিত্র রমজান মাস উপলক্ষে চালের মূল্য নির্ধারণ ও সরবরাহে কারসাজি প্রতিরোধের লক্ষ্যে সভা আয়োজন


পবিত্র রমজান মাস উপলক্ষে চালের মূল্য নির্ধারণ ও সরবরাহে কারসাজি প্রতিরোধে করণীয় বিষয়ক একটি সভা বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের আয়োজনে কমিশনের সভাকক্ষে বিগত ১৬ মার্চ ২০২১ তারিখ সকাল ১১:০০ টায় অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন কমিশনের সম্মানিত চেয়ারপার্সন, জনাব মোঃ মফিজুল ইসলাম। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কমিশনের বিজ্ঞ সদস্যবৃন্দসহ সকল কর্মকর্তা, উপপরিচালক, ভি.এ.এম, উপসচিব, খাদ্য মন্ত্রণালয়, সহকারী কার্যনির্বাহী টিসিবি, বাণিজ্য পরামর্শক, বাণিজ্য মন্ত্রণালয়সহ ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকগণ।



চালের মূল্য নির্ধারণ ও সরবরাহে কারসাজি প্রতিরোধের লক্ষ্যে কমিশনের সভাকক্ষে আয়োজিত মতবিনিময় সভা

## ১৪. কমিশন কর্তৃক জাতীয় শিশু দিবস ২০২১ উদযাপন

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২১ আয়োজনের অংশ হিসেবে কমিশন কার্যালয়ে সম্মানিত চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলামের নেতৃত্বে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন ও পুষ্পস্তবক অর্পণ করেন কমিশনের বিজ্ঞ সদস্যগণ এবং সকল কর্মকর্তা - কর্মচারীবৃন্দ। অতঃপর কমিশনের সম্মেলন কক্ষে কমিশনের সম্মানিত চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলামের সভাপতিত্বে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২১ এর তাৎপর্য তুলে ধরে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভা শেষে বাংলাদেশ শিল্পকলা একাডেমী, ঢাকার শিল্পীবৃন্দের অংশগ্রহণে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।









কমিশন কর্তৃক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২১ পালন

# ১৫. প্রতিযোগিতামূলক জ্বালানী খাত তৈরিতে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ভূমিকা

মোঃ জাহিদুল ইসলাম
অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন

প্রাকৃতিক সম্পদ যে কোনো দেশের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। একটি দেশের ভূ-রাজনীতি থেকে শুরু করে অর্থনীতি সব কিছুই প্রত্যক্ষ বা পরোক্ষভাবে প্রাকৃতিক সম্পদের উপর নিভ্রশীল। প্রাকৃতিক সম্পদের প্রাপ্যতা এবং এর সুষ্ঠু ব্যবহারের উপর একটি দেশের অর্থনৈতিক সমৃদ্ধি অনেকাংশে নির্ভরশীল। প্রাকৃতিক সম্পদের প্রাপ্যতার দিক দিয়ে বাংলাদেশ এক অপার সম্ভাবনার দেশ। বাংলাদেশের ভৌগলিক অবস্থান এবং বিস্তৃর্ণ সমুদ্রসীমা বাংলাদেশের জন্য এক বিরাট আশির্বাদ। প্রাকৃতিক সম্পদের অনুসন্ধান, আরোহন এবং এ সম্পদের সুষ্ঠু বন্টন বাংলাদেশের প্রেক্ষাপটে অত্যন্ত জরুরি হলেও এ খাতে নানাবিধ প্রতিযোগিতা বিরোধী কর্মকান্ডের ফলে তৃণমূল পর্যায়ের মানুষ বরাবরই বঞ্চিত হয়ে আসছে।

বাংলাদেশের উল্লেখযোগ্য প্রাকৃতিক সম্পদের মধ্যে প্রাকৃতিক গ্যাস ও কয়লা অন্যতম হলেও আমাদের প্রতিবছর বিপুল পরিমাণ এলপিজি গ্যাস ও জ্বালানি তেলের পাশাপাশি অন্যান্য জ্বালানি আমদানি করতে হয়। এক সময় বলা হতো বাংলাদেশ গ্যাসের উপর ভাসছে। কিন্তু সময়ের পরিক্রমায় আমাদের সে ভুল ভেঙেছে। বাংলাদেশে বর্তমানে যে পরিমাণ গ্যাস মজুদ আছে তা আগামী ১৫ বছর আবার কারো কারো মতে ১০ বছরের মধ্যেই শেষ হয়ে যাবে। নতুন কোনো গ্যাসক্ষেত্র আবিষ্কৃত না হলে ২০৩৫ সাল নাগাদ প্রাকৃতিক গ্যাসের ক্ষেত্রে বাংলাদেশ পুরোপুরি আমদানি নির্ভরতার দিকে চলে যাবে। তাই, বর্তমান প্রেক্ষাপটে নতুন গ্যাস ক্ষেত্র অনুসন্ধান ও উত্তোলন অত্যন্ত জরুরী। তেল গ্যাস অনুসন্ধান এবং উত্তোলনের ক্ষেত্রে প্রতিযোগিতা বিরোধী কোন কর্মকান্ড হচ্ছে কিনা তা যাচাই করার দায়িত্ব বাংলাদেশ প্রতযোগিতা কমিশনের। দেশের অন্যান্য অনেক সেক্টরের ন্যায় তেল গ্যাস অনুসন্ধান এবং উত্তোলনের ক্ষেত্রেও প্রতিযোগিতা বিরোধী কর্মকান্ড হিসেবে দরপত্র জালিয়াতি (Bid Rigging) হতে পারে। একটা সময় ছিলো যখন দরপত্র জালিয়াতি মনিটরিং এর কোনো প্রতিষ্ঠান ছিলো না। কিন্তু বর্তমানে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন দরপত্র জালিয়াতি সংক্রান্ত বিষয়সমূহ মনিটরিং এর পাশাপাশি প্রতিযোগিতা আইন, ২০১২ বাস্তবায়নের মাধ্যমে বাজারে সুষ্ঠু প্রতিযোগিতা বজায় রাখার জন্য কাজ করে যাচ্ছে।

নিজস্ব প্রাকৃতিক গ্যাস উত্তোলনের পাশাপাশি চাহিদা ক্রমবর্ধমান থাকায় বাংলাদেশকে প্রচুর পরিমাণে এলপিজি গ্যাস ও জ্বালানি তেল ছাড়াও অন্যান্য জ্বালানি আমদানী করতে হয়। আর এসব ক্ষেত্রে শুধুমাত্র বাংলাদেশ নয়, বিশ্বের অন্যান্য দেশের যে সমস্যাটি প্রকট আকার ধারণ করেছে তা হলো কার্টেল বা সিন্ডিকেট। অনেক সময় দেখা যায়, বিশ্ব বাজারে দাম কমলেও শুধুমাত্র সিন্ডিকেটের জন্য দেশের বাজারে তেল বা এলপিজি গ্যাসের দাম নিয়ন্ত্রণ করা সম্ভব হয় না। অনেক সময় সরকার কর্তৃক এলপিজি গ্যাসের সর্বোচ্চ দাম নির্ধারণ করে দেয়া হলেও স্থানীয় পর্যায়ের ব্যবসায়ীদের সিন্ডিকেটের জন্য স্থানীয় পর্যায়ে নির্ধারিত সর্বোচ্চ দামের চেয়ে অনেক বেশি দামে এলপিজি গ্যাস বিক্রি করা হয়। যার ফলে ভোক্তা ন্যায্যমূল্যে এলপিজি গ্যাস পাওয়া থেকে বঞ্চিত হয়। এ ধরণের কার্টেল বা সিন্ডিকেট তৈরি বা ভৌগলিক সীমানা নির্ধারণপূর্বক ব্যবসা পরিচালনা প্রতিযোগিতা আইন, ২০১২ অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ। এ ধরণের অপরাধ নির্মূলে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কাজ করে যাচ্ছে।

চতুর্থ শিল্প বিপ্লবের ক্রান্তিলগ্নে দাঁড়িয়ে বাংলাদেশ। আগামী ১৫ বছরে ১০০ টি অর্থনৈতিক অঞ্চল গড়ে তোলার ঘোষণা দিয়েছে সরকার। এসব অর্থনৈতিক অঞ্চল গড়ে উঠলে অন্ততঃ এক কোটি লোকের কর্মসংস্থান হবে। বাংলাদেশ উন্নত দেশে পরিণত হওয়ার যে স্বপ্ন দেখছে তা শিল্পায়নের মাধ্যমেই সম্ভব। এক্ষেত্রে শিল্পায়নের অন্যতম প্রধান উপকরণ গ্যাস ও বিদ্যুৎ সরবরাহের বিষয়টি নিশ্চিত করাকে অগ্রাধিকার দিয়ে বিবেচনা করতে হবে। এজন্য নতুন গ্যাস ও অন্যান্য প্রাকৃতিক সম্পদ অনুসন্ধানের পাশাপাশি প্রয়োজন একটি প্রতিযোগিতাপূর্ণ জ্বালানি খাত। প্রতিযোগিতামূলক বাজার প্রতিষ্ঠিত হলে একদিকে যেমন ভোক্তা লাভবান হবে অন্যদিকে জ্বালানি খাতের সাথে সম্পৃক্ত সকল ব্যবসায়ী ঝুঁকিমুক্তভাবে ব্যবসা পরিচালনা করতে পারবে।

Competition for growth

# Bangladesh Competition Commission

❖ বাজারে প্রতিযোগিতা পরিপন্থী কর্মকান্ড থেকে বিরত থাকুন। পণ্য ও সেবার মূল্য ও মান নিশ্চিত করুন।

❖ ব্যবসা-বাণিজ্যে সিন্ডিকেট/কার্টেল শাস্তিযোগ্য অপরাধ। যেকোন ধরনের সিন্ডিকেট/কার্টেল সম্পর্কে কমিশনকে তথ্য দিয়ে সহায়তা করুন।

**"প্রতিযোগিতা আইনের বিধান মেনে চলুন, ব্যবসাকে ঝুঁকিমুক্ত রাখুন।"**




# “মুজিব বর্ষের প্রতিশ্রুতি প্রতিযোগিতামূলক বাজার ব্যবস্থার উন্নতি”


## উপদেষ্টা পরিষদ

**মোঃ মফিজুল ইসলাম**
চেয়ারপার্সন
ও
সভাপতি
উপদেষ্টা পরিষদ

**ড. এ এফ এম মনজুর কাদির**
সদস্য

**মোঃ আব্দুর রউফ**
সদস্য

**নাসরিন বেগম**
সদস্য

## সম্পাদনা পরিষদ

**জি. এম. সালেহ উদ্দিন**
সদস্য
ও
আহবায়ক
সম্পাদনা পরিষদ

**মুহাম্মদ মুনীরুজ্জামান ভূঞাঁ**
পরিচালক

**মোঃ মাহবুব আলম**
উপপরিচালক

**সারাওয়াত মেহজাবীন**
উপপরিচালক

**আতিকুল ইসলাম**
উপপরিচালক



Competition for growth
Bangladesh Competition Commission

প্রকাশনায় :
**বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন**
৩৭/৩/এ, রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
ফোন : +৮৮ ০২ ৫৮৩১৫৪৮৫, ফ্যাক্স : ০২ ৫৮৩১৫৫৮৭
ই-মেইল : secretary.ccb202@gmail.com